Please check the examination details below before entering your candidate information

| Candidate surname | Other names |
| --- | --- |
| | |

Centre Number | Candidate Number

# Pearson Edexcel International GCSE

## Monday 30 October 2023

Morning (Time: 2 hours 30 minutes)

**Paper reference** **4BA0/01**

# Bangla

## PAPER 1: Reading, Writing and Translation

**You do not need any other materials.**

Total Marks

## Instructions

- Use **black** ink or ball-point pen.
- **Fill in the boxes** at the top of this page with your name, centre number and candidate number.
- There are **three** sections you must answer:
  – Section A Questions 1–4
  – Section B Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c)
  – Section C Question 7.
- Answer the questions in the spaces provided – *there may be more space than you need.*
- You must **not** use a dictionary.

## Information

- The total mark for this paper is 100.
- The marks for **each** question are shown in brackets – *use this as a guide as to how much time to spend on each question.*

## Advice

- Read each question carefully before you start to answer it.
- Check your answers if you have time at the end.

*Turn over*

P74613RA

©2023 Pearson Education Ltd.
Z:1/1/1/1/1/

P 7 4 6 1 3 R A 0 1 2 0

Pearson

## SECTION A

**Reading**

**Answer ALL questions.**

**Write your answers in the spaces provided.**

**Multiple-choice questions must be answered with a cross in a box ☒. If you change your mind about an answer, put a line through the box ☒ and then mark your new answer with a cross ☒. Open-response questions do not have to be written in full sentences and you may respond using single words or phrases.**

**1** ‘স্নুপি ও শনের মহাকাশ যাত্রা’ সম্বন্ধে নিচের লেখাটি পড়ো এবং শব্দ তালিকা থেকে প্রতিটি বাক্সে সঠিক শব্দের অক্ষরটি বসাও।

### *স্নুপি ও শনের মহাকাশ যাত্রা*

স্নুপি ও শন কোনো মানুষের নাম নয়। এরা হলো একটি কুকুর ও ভেড়ার পুতুল। আর্টেমিস মিশনে এ দুই পুতুল ঘুরে আসবে চাঁদের কক্ষপথ। স্নুপি হলো চার্লস এম শল্‌জ কমিকের একটি চরিত্র। অন্যদিকে শন হলো একটি টেলিভিশন সিরিজের মূল চরিত্র।

ইউরোপিয়ান স্পেস এজেন্সির প্রতিনিধি হিসেবে মহাকাশে যাবে স্নুপি ও শন। পুতুল দুটিকে মহাকাশে পাঠানোর কারণ হচ্ছে আর্টেমিস-১ মিশনে থাকছে না কোনো নভোচারী। তাই মানুষের বিকল্প হিসেবে মহাকাশে পাঠানো হবে এদেরকে।

২০২৫ সালে আর্টেমিস-৩ মিশনে চাঁদে আবার মানুষ পাঠাবে নাসা। সেই মিশন সফল করতে কী কী প্রতিবন্ধকতার মুখোমুখি হতে পারে, সেটা বুঝতেই এই পুতুলগুলোকে পাঠানো হচ্ছে মহাকাশে। নভোযানে কতোটা তাপ সৃষ্টি হতে পারে বা মহাকাশের বিকিরণ মানুষের ওপর প্রভাব ফেলবে কি না, সেটাও পরীক্ষা করে দেখবে পুতুলগুলো। স্নুপি ও শনকে পরানো হবে নভোচারীদের মতো কমলা রঙের স্পেসস্যুট, হাতে গ্লাভস ও পায়ে থাকবে বুট।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

| | | | |
|---|---|---|---|
| **A** অর্জন | **B** পুতুল | **C** বাধাবিঘ্ন | **D** প্রতিনিধিত্ব |
| **E** ব্যবস্থা | **F** জনপ্রিয় | **G** ঘুরবে | **H** পোশাক |
| **I** হাঁটবে | **J** সাধারণ | **K** পরিবর্তে | **L** সঙ্গে |
| **M** সাজগোজ | | | |


| | | |
|---|---|---|
| উদাহরণ: | স্নুপি ও শন হলো দুটি ...। | **B** |
| **1** (a) | স্নুপি ও শন চাঁদের চারিদিকে ...। | |
| **1** (b) | স্নুপি ... কার্টুনের একটি চরিত্র। | |
| **1** (c) | স্পেস-এজেন্সির মহাকাশযাত্রায় ... করবে দুটি পুতুল। | |
| **1** (d) | মানুষের ... পুতুল দুটি যাবে নভোযানে। | |
| **1** (e) | ভবিষ্যত মিশনের ... পরীক্ষা করবে স্নুপি ও শন। | |
| **1** (f) | স্নুপি ও শন পরবে নভোচারীদের মতো ...। | |

**(Total for Question 1 = 6 marks)**

**2** ‘কলেজের জীবন’ - এ সম্বন্ধে নিচে দেওয়া তিনজন কলেজ ছাত্রছাত্রীর মতামত পড়ো এবং সঠিক বাক্সে ☒ চিহ্ন দিয়ে সঠিক নাম/নামগুলোর সঙ্গে বাক্যগুলো মেলাও। কোনো কোনো ক্ষেত্রে বাক্যের সঙ্গে নামের মিল না-ও থাকতে পারে।

## *কলেজের জীবন*

**মিরন**



প্রত্যেক ছাত্রের জীবনের এক নতুন অধ্যায়ের শুরু হয় কলেজ থেকে। লেখাপড়ার পাশাপাশি আমি বন্ধুদের সাথে বাইরে হৈচৈ করি। এছাড়া ট্যালেন্ট শো ও ক্রীড়ানুষ্ঠানেও যোগ দেই। আমি সহপাঠীদের সাথে সমানভাবে মেলামেশা করি এবং শিক্ষক-শিক্ষিকাদেরকেও শ্রদ্ধার চোখে দেখি। ভবিষ্যত ক্যারিয়ার গড়ার কাজে পরামর্শদাতাদের সাথে আলোচনা করি। ফলে নতুন তথ্য জানার পাশাপাশি আমার কথা বলার দক্ষতাও বেড়ে যায়।

**কেয়া**



আমার কাছে লেখাপড়ার পাশাপাশি সময়ের মূল্য দেওয়াও বিশেষভাবে গুরুত্বপূর্ণ। এই দুটোর সমন্বয় করার জন্য আমি কবে কোন কোর্সওয়ার্ক জমা দিতে হবে তার সময়সূচি তৈরি করি। সাথে সাথে অন্যান্য কাজকর্মের জন্যও সময় বের করি। তবে অবসরে বন্ধুদের সাথে হৈচৈ করে সময় না কাটিয়ে আমার খরচের জন্য বাবামায়ের পাঠানো কষ্টার্জিত টাকাপয়সার সদ্ব্যবহার করি। তাই সপ্তাহান্তে ছাত্র পড়িয়ে আমার হাতখরচ চালাই।

**রায়হান**



লেখাপড়ার কোনো বিষয় বুঝতে অসুবিধা বা দ্বিধা থাকলে প্রয়োজনে শিক্ষকদের কাছ থেকে অতিরিক্ত সাহায্য নেই। পাশাপাশি কলেজের স্কিল ডেভেলপমেন্ট ক্লাবেও যোগ দেই। এতে বিভিন্ন ধরনের টিমওয়ার্ক করার দক্ষতা বাড়ে যা ভবিষ্যত গড়ার কাজে লাগবে। গোটা বিশ্বই যখন প্রযুক্তি-নির্ভর তখন কলেজের যেকোনো বিষয়ে জ্ঞানলাভ এবং প্রয়োজনীয় তথ্য অনুসন্ধানে আমি আধুনিক প্রযুক্তি বিশেষত ইন্টারনেট ব্যবহার করি।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

| | | মিরন | কেয়া | রায়হান |
|---|---|---|---|---|
| **উদাহরণ:** | জ্ঞান অর্জনে ইন্টারনেট ব্যবহার করে। | ☐ | ☐ | ☒ |
| **A** | লেখাপড়ায় শিক্ষকের অতিরিক্ত সাহায্য নেয়। | ☐ | ☐ | ☐ |
| **B** | জ্ঞান অর্জনে সময়সূচি মেনে চলে। | ☐ | ☐ | ☐ |
| **C** | লেখাপড়ার বাইরে বন্ধুদের সাথে ফুর্তি করে। | ☐ | ☐ | ☐ |
| **D** | পরামর্শদাতার সহায়তায় কথা বলার কৌশল শেখে। | ☐ | ☐ | ☐ |
| **E** | বন্ধুদের সাথে সময় কাটায় না। | ☐ | ☐ | ☐ |
| **F** | লেখাপড়ার পাশাপাশি কাজের দক্ষতা শেখে। | ☐ | ☐ | ☐ |
| **G** | বাবামায়ের আর্থিক কষ্ট লাঘব করে। | ☐ | ☐ | ☐ |
| **H** | কলেজের বিভিন্ন প্রতিযোগিতায় অংশ নেয়। | ☐ | ☐ | ☐ |

**(Total for Question 2 = 8 marks)**

**3** ‘অলিম্পিক জয়ের স্বপ্ন’ সম্বন্ধে নিচের নিবন্ধটি পড়ো। বাংলায় নম্বর অথবা শব্দ/শব্দমালা দিয়ে নোটগুলি পূরণ করো।

***অলিম্পিক জয়ের স্বপ্ন***

চৌদ্দ বছর বয়সের এক কিশোর খেলোয়াড় নাসিম। তার বাবার নাম রাজীব ইসলাম। তাঁর প্রথম সন্তান নাসিম। হাঁস-মুরগির ছোটোখাটো ব্যবসা রাজীবের। এর থেকে যে রোজগার হয় তাতে সাত সদস্যের বড়ো পরিবার চালাতে কষ্ট হয় নাসিমের বাবার।

অভাব অনটনের সঙ্গে লড়াই করেও ছোটোবেলা থেকে লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার প্রতি প্রবল আগ্রহ নাসিমের। সে গত বছর আন্তঃস্কুল ক্রীড়া প্রতিযোগিতার বিভিন্ন পর্যায়ে বিজয়ী হয়েছে এবং অনেক পুরস্কার ও সোনার পদক অর্জন করেছে। এছাড়াও নাসিম এই বছর রাজধানী শহরে অনুষ্ঠিত জাতীয় জুনিয়র অ্যাথলেটিক্সে দুইশ মিটার দৌড়ে এবং একশ মিটার সাঁতার প্রতিযোগিতায় প্রথম হয়ে দুইবার দেশের দ্রুততম কিশোর খেতাব জয়ের রেকর্ড সৃষ্টি করেছে।

শুধু খেলাধুলায় গৌরব নয়, লেখাপড়ায়ও নাসিম মেধাবী। তার মতে, সুস্থ জীবনযাপনে সবার জন্য ছাত্র জীবন থেকেই জ্ঞান অর্জনে সাফল্যের পাশাপাশি নিয়মিত শরীর চর্চা করা ও সুষম খাবার খাওয়া বিশেষ গুরুত্বপূর্ণ। সর্বোপরি, নাসিমের স্বপ্ন ও উচ্চাকাঙ্ক্ষা হলো অলিম্পিক প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করে বিশ্ব খেলাধুলার জগতে নিজের দেশকে গৌরবান্বিত করা। সেজন্য নাসিম এখন থেকেই নিয়মিত শরীর চর্চা করছে। তবে নাসিমের বাবা ছেলের শরীর চর্চার খরচ ও পুষ্টিকর খাবারের জোগান দিতে অক্ষম। তাই তিনি ছেলের লক্ষ্য পূরণে সরকার ও বিত্তশালীদের কাছে আর্থিক সহযোগিতা চান।

**উদাহরণ:** নাসিম: ............ কিশোর খেলোয়াড় ............

(a) নাসিম ও রাজীবের সম্পর্ক: ............................................................ **(1)**

(b) রাজীবের পেশা: ............................................................ **(1)**

(c) নাসিমের আর্থিক অবস্থা: ............................................................ **(1)**

(d) নাসিমের আগের বছরের সাফল্য: ............................................................ আর ............................................................ **(2)**

(e) নাসিমের সাম্প্রতিক অর্জন: ............................................................ আর ............................................................ **(2)**

(f) সুস্থ জীবন সম্বন্ধে নাসিমের ধারণা: ............................................................ আর ............................................................ **(2)**

(g) নাসিমের স্বপ্ন: ............................................................ আর ............................................................ **(2)**

(h) রাজীবের প্রত্যাশা: ............................................................ **(1)**

**(Total for Question 3 = 12 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**4** (a) নিচে দেওয়া 'বিজ্ঞান প্রসারে তরুণ অগ্রদূত' বিষয়ে লেখাটির অংশবিশেষ পড়ো।

***বিজ্ঞান প্রসারে তরুণ অগ্রদূত***

বর্তমানে বিজ্ঞানচর্চায় নিয়োজিত রয়েছে ঢাকা কলেজের একদল শিক্ষার্থী যারা ভবিষ্যতে বিজ্ঞান ও প্রযুক্তিতে উচ্চশিক্ষা অর্জনের স্বপ্ন দেখছে। মৌলিক বিজ্ঞানচর্চার পাশাপাশি বিভিন্ন প্রযুক্তির প্রয়োগে আগ্রহ বাড়িয়ে বিজ্ঞানের নতুন নতুন আবিষ্কার সম্পর্কে অবহিত করতে এবং দক্ষ বিজ্ঞানী হওয়ার এক নতুন পথ দেখানোর জন্য এই শিক্ষার্থীদের নেতৃত্ব দিলেন কলেজের একজন বিজ্ঞান শিক্ষক। তাদেরকে নিয়ে শুরু করলেন একটি বিজ্ঞান ক্লাব।

সপ্তাহে চারদিন ক্লাসের পর ক্লাব সদস্যরা মিলিত হয় বিজ্ঞান ক্লাবে। বিজ্ঞানের নানা রকম টুকিটাকি বিষয়ে জমে ওঠে তাদের আড্ডা। কেউ কোনো কাজে আটকে গেলেই সমাধানের পথ বাতলে দিতে তাদের সাথে যোগ দেয় ক্লাবের প্রাক্তন সদস্যরা। এছাড়াও মাসে একবার আয়োজন করা হয় ক্লাব সভা। সেখানে পেশাদার প্রশিক্ষক এনে শিক্ষার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

ক্লাবটির সদস্যরা তৈরি করেছে নানা রকমের চোখ ধাঁধানো উদ্ভাবন। এসবের মধ্যে রয়েছে রাডারের উন্নত মডেল, পরিবেশবান্ধব জ্বালানীসহ আরও নানা রকম প্রযুক্তি। তাদের সর্বশেষ উদ্ভাবন একটি আধুনিক রোবট। ব্যতিক্রমীভাবে এটি সংকেত দ্বারা পরিচালিত না হয়ে কণ্ঠস্বরের মাধ্যমে নিয়ন্ত্রিত হয়। সাম্প্রতিক বছরগুলোতে এই ক্লাব সদস্যদের হাতে উঠে এসেছে প্রায় পাঁচ শতাধিক পুরস্কার ও বিভিন্ন সম্মাননা।

তবে প্রায়ই কলেজ কর্তৃপক্ষের কাছ থেকে অর্থ বরাদ্দের অভাবে শিক্ষার্থীদের প্রকল্প বাস্তবায়নে বিঘ্ন ঘটে। ক্লাবের সদস্যরা তখন বিভিন্ন চ্যারিটি অনুষ্ঠান আয়োজন করে। এর পাশাপাশি অনেক প্রতিষ্ঠানের কাছ থেকে তারা পৃষ্ঠপোষকতা লাভ করে।

সবার প্রত্যাশা আগামীতে প্রযুক্তিভিত্তিক বিজ্ঞানমনস্ক এক নতুন পৃথিবীর নেতৃত্ব দেবে এসব তরুণ বিজ্ঞানীরা।

লেখাটিতে যেসব তথ্য রয়েছে তা ব্যবহার করে **বাংলায়** প্রশ্নগুলোর উত্তর দাও। তোমার উত্তর সম্পূর্ণ বাক্যে লেখার প্রয়োজন নেই এবং ওপরের লেখা থেকে হুবহু নকল করবে না।

(i) লেখক ক্লাবের সদস্যদের কীভাবে বর্ণনা করেছেন? **দুটি** বিষয় লেখো।

**(2)**

..............................................................................................................................

..............................................................................................................................

(ii) ক্লাবের নেতার উদ্দেশ্য কী ছিলো? **দুটি** বিষয় লেখো।

**(2)**

..............................................................................................................................

..............................................................................................................................

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

(iii) ক্লাবের সদস্যরা বাইরে থেকে কী কী সহযোগিতা পায়? **দুটি** বিষয় লেখো।

**(2)**

....................................................................................................................................

....................................................................................................................................

(iv) ক্লাব সদস্যদের সাম্প্রতিক আবিষ্কার কোনটি? সেটি কীভাবে পরিচালিত হয়?

**(2)**

....................................................................................................................................

....................................................................................................................................

(v) ক্লাবটি তাদের আর্থিক সমস্যার সমাধান কীভাবে করে থাকে? **দুটি** বিষয় লেখো।

**(2)**

....................................................................................................................................

....................................................................................................................................

**4** (b) **'বিজ্ঞান প্রসারে তরুণ অগ্রদূত'** লেখাটির বিষয়ে আলোচনাটি পড়ে বাংলায় প্রশ্নগুলোর উত্তর দাও।

দুইজন বন্ধু 'বিজ্ঞান প্রসারে তরুণ অগ্রদূত' লেখাটি নিয়ে আলোচনা করছে।

**বিজয়:** ''বাংলাদেশের তরুণদের বিজ্ঞানচর্চা ও সাফল্য নিয়ে এই লেখাটি পড়ে আমার বেশ ভালো লেগেছে। এখন দৈনন্দিন জীবনে সফলভাবে চলতে হলে বিজ্ঞান ও প্রযুক্তির জ্ঞানে দক্ষ হওয়ার কোনো বিকল্প নেই। সেই প্রেক্ষিতে এই তরুণ দলের প্রয়াস ও সাফল্য আমাদের নতুন প্রজন্মের জন্য একটি প্রেরণামূলক উদাহরণ। তবে এদের প্রচেষ্টা সার্বিকভাবে তরুণদের তেমন উৎসাহিত করছে বলে মনে হয় না। একসময় প্রতিটি স্কুলের শ্রেষ্ঠ ছাত্রছাত্রীরা বিজ্ঞান বিভাগে পড়ার জন্য আগ্রহী হলেও বর্তমানে বিজ্ঞান বিভাগগুলোতে শিক্ষার্থীর সংখ্যা কমেছে। এর কারণ হলো শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে নতুন নতুন উদ্ভাবন ও মূল্যায়ন ব্যবস্থার সঠিক বাস্তবায়নে দক্ষ বিজ্ঞান শিক্ষক ও পর্যাপ্ত শিক্ষা উপকরণের অভাব। সম্প্রতি এক জরিপে দেখা গেছে, এখন বিজ্ঞান বিভাগের বেশিরভাগ ছাত্রছাত্রী সাফল্য অর্জন করেও জীবিকা ও ভবিষ্যৎ কর্মসংস্থানের তাগিদে ব্যবসা-বাণিজ্য বিষয়ে উচ্চশিক্ষা নিতে ঝুঁকছে।''

**মিলি:** ''তোমার সঙ্গে আমি একমত। তবে বিষয়টিকে আমি একটু ভিন্নভাবে দেখছি। একটি দেশের তরুণ প্রজন্ম কতোটুকু জ্ঞানলাভ করছে এবং দক্ষ হয়ে বেড়ে উঠছে সেটা সে দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এরাই আগামীতে দেশের উন্নয়নে অবদান রাখবে। দেশের উন্নয়ন করতে হলে উৎপাদনের বিকল্প নেই। তাই আমাদেরকে কল-কারখানা গড়ে দেশি পণ্য ব্যবহারের সংস্কৃতি চালু করতে হবে। এর মাধ্যমে দেশে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বিভিন্ন কর্মক্ষেত্র তৈরি হবে। তরুণদেরকে বিজ্ঞানে আগ্রহী করতে হলে, বিজ্ঞান ও প্রযুক্তিতে তাদের সৃজনশীলতা এবং দক্ষতা বাড়াতে হবে। সর্বোপরি, বিজ্ঞান ও প্রযুক্তিকে সবার কাছে পৌঁছে দিতে বিভিন্ন গণমাধ্যমে প্রচার ও প্রসারের সুযোগ সৃষ্টি করতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠানে আয়োজিত প্রতিযোগিতায় বিজয়ী ছাত্রছাত্রীদের জন্যও আকর্ষণীয় পুরস্কারের ব্যবস্থা করা উচিত। সমাজের তরুণ বিজ্ঞানীদের মর্যাদা ও স্বীকৃতির ব্যবস্থা করতে হবে। এর পাশাপাশি শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমেও যোগ্যতর করে গড়ে তোলা উচিত।''

(i) নিচের বিষয়গুলোর ওপর প্রথম বন্ধুর মন্তব্য সংক্ষেপে নিজের ভাষায় লেখো:

- বিজ্ঞান শিক্ষায় অধিকাংশ শিক্ষার্থীদের অনাগ্রহের কারণ **(1)**
- শিক্ষার্থীদের ওপর সাম্প্রতিক জরিপের ফলাফল **(1)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

(ii) নিচের বিষয়গুলোর ওপর দ্বিতীয় বন্ধুর মন্তব্য সংক্ষেপে নিজের কথায় লেখো:

- দেশে বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর কর্মক্ষেত্র তৈরিতে করণীয় **(1)**
- বিজ্ঞানচর্চাকে দেশব্যাপী ছড়িয়ে দেওয়ার উপায় **(1)**

.......................................................................................................................................

.......................................................................................................................................

**(Total for Question 4 = 14 marks)**

**TOTAL FOR SECTION A = 40 MARKS**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

## SECTION B

### Writing

Answer Question 5 and **either** Question 6(a) **or** 6(b) **or** 6(c).

**Write your answers in the spaces provided.**

**5**

**অনলাইন গেইম**

অনলাইন গেইম খেলার অভিজ্ঞতা

গেইম খেলা সম্বন্ধে তোমার মতামত

গেইম খেলার বিভিন্ন প্ল্যাটফর্ম

ভবিষ্যতে গেইম খেলা

**অনলাইন গেইম** সম্পর্কে **বাংলায় প্রায় 80 শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ লেখো**। তোমার লেখায় ওপরে দেওয়া চারটি বিষয় অবশ্যই উল্লেখ করবে।

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

GradeMax

**(Total for Question 5 = 14 marks)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**6** নিচের তিনটি কাজ থেকে যেকোনো একটি কাজ বেছে নিয়ে তার ওপর **বাংলায়** প্রায় **১৪০** শব্দে লেখো।

(a) **কাজ ১**

'তোমার শহরের বিনোদনমূলক কাজকর্ম' - এই বিষয়ে বাংলা পত্রিকার জন্য একটি নিবন্ধ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- তোমার সাম্প্রতিক অভিজ্ঞতা
- এসব বিনোদনের গুরুত্ব
- বিনোদন ব্যবস্থার উন্নয়নে তোমার পরামর্শ

**(26)**

(b) **কাজ ২**

হ্যালো মাহিন,

পরীক্ষার পর আমি বন্ধুদের সাথে গ্রামাঞ্চলে যাবো। আমরা কৃষকদের সাথে কাজ করবো এবং গ্রামের জীবনের সমস্যাদি সম্পর্কে জানবো। তাছাড়া, আমরা তাদের জীবিকা উন্নত করার উপায় খুঁজে বের করতে চাই। আশা করি তুমিও আমাদের সাথে যোগ দেবে।

মিথুন

মিথুন যে বার্তাটি পাঠিয়েছে এর জবাবে তুমি তাকে একটি ই-মেইল লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- গ্রামের জীবন সম্বন্ধে তোমার সাম্প্রতিক অভিজ্ঞতা
- পরীক্ষার পর তুমি যেসব কাজ করতে চাও
- গ্রামবাসীদের জীবন উন্নয়নে তোমার পরামর্শ

**(26)**

(c) **কাজ ৩**

'চলচ্চিত্র ও তরুণ প্রজন্ম'- এই সম্বন্ধে তুমি একটি ব্লগ লেখো। এতে তুমি অবশ্যই উল্লেখ করবে:

- ছেলেবেলার চলচ্চিত্র
- তোমার পছন্দের চলচ্চিত্র
- আমাদের ওপর চলচ্চিত্রের প্রভাব

**(26)**

**Indicate which question you are answering by marking a cross in the box ☒ . If you change your mind, put a line through the box ☒ and then indicate your new question with a cross ☒ .**

Chosen question number: **Question 6(a)** ☒ **Question 6(b)** ☒ **Question 6(c)** ☒

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 6 = 26 marks)**

**TOTAL FOR SECTION B = 40 MARKS**

## SECTION C

### Translation into Bangla

**Write your answer in the space provided.**

**7** নিচের লেখাটি **বাংলায়** অনুবাদ করো।

There are lots of power cuts in Bangladesh. These power cuts severely affect the lives of people who live in the city. For young people, it is their education that is disrupted the most by the inconvenient and frequent power cuts.

Often, students are forced to study in the challenging conditions. This is not only unsuitable for a learning environment but can also cause health issues. While regular classes continue in some educational institutes even without electricity, other institutes are bound to close all classes due to unbearable heat.

**(20)**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

DO NOT WRITE IN THIS AREA

**(Total for Question 7 = 20 marks)**

**TOTAL FOR SECTION C = 20 MARKS**
**TOTAL FOR PAPER = 100 MARKS**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA
DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA DO NOT WRITE IN THIS AREA

**BLANK PAGE**

**Source information**

**Question 2**

© Deepak Sethi/GettyImages
© gawrav/GettyImages
© Mayur Kakade/Getty Images